তোমরা ফজরের সালাত সকাল করে আদায় কর। কারণ, তা তোমাদের সাওয়াবের দিক বিবেচনায় অধিক। অথবা সাওয়াবের জন্য মহান।

রাফে‘ ইবন খাদীজ রাদিয়াল্লাহ আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা ফজরের সালাত সকাল করে আদায় কর।
কারণ, তা তোমাদের সাওয়াবের দিক বিবেচনায় অধিক। অথবা সাওয়াবের জন্য মহান”।
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের আদেশ দেন, যেন আমরা ফজরের সালাত সকাল উদয় হওয়ার পর আদায় করি। তারপর তিনি তার কারণ হিসেবে বর্ণনা করেন যে, তা সাওয়াবের দিক বিবেচনা মহান। কারণ সকাল হওয়ার বিষয়টি নিশ্চিত হওয়া যায়।

http://www.sunnah.global/hadeeth/bn/show/10601